আলমডাঙ্গার নাগদাহ ও আইলহাস ইউপি নির্বাচনে প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ

আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ও আইলহাঁস ইউপির নির্বাচনে প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ সম্পন্ন হয়েছে।

মঙ্গলবার নির্বাচন কর্মকর্তার অফিস কক্ষে প্রার্থীদের উপস্থিতিতে উপজেলা রিটার্নিং কর্মকর্তা এমএজি মোস্তফা ফেরদৌস উপজেলার ২টি ইউনিয়নের ১২ চেয়ারম্যান প্রার্থীদের মাঝে প্রতিক বরাদ্ধ করেন।

নগদাহ ইউনিয়নে ৯ প্রার্থীর মধ্যে আওয়ামীলীগ মনোনীত প্রার্থী, মোঃ হায়াত আলী (নৌকা প্রতিক), স্বতন্ত্র প্রার্থী দারুস সালাম(মটর সাইকেল প্রতিক), আলমগীর হোসেন (রজনীগন্ধা প্রতিক), মোহাম্মদ হাবিবুল্লাহ (আনারস প্রতিক), মোহাম্মদ আতিকুর রহমান (ঘোড়া প্রতীক), আওয়ালুজ্জামান (আটো রিক্সা প্রতিক), মোঃ মিশর আলী (টেলিফোন প্রতিক), মোহাম্মদ এজাজ ইমতিয়াজ বিপুল(চশমা প্রতিক), মোহাম্মদ আবুল হোসেন (টেবিল ফ্যান)

আইলহাঁস ইউনিয়নে ৩ প্রার্থীর মধ্যে আওয়ামীলীগ মনোনীত প্রার্থী, মোঃ জাহিদুল ইসলাম বাদল (নৌকা প্রতিক) ও স্বতন্ত্র প্রার্থী মোহাম্মদ বিল্লাল গনি (আনারস প্রতিক) ও মিনাজ উদ্দিন বিশ্বাস (চশমা প্রতিক)।

একই দিন উপজেলার ২টি ইউনিয়নের সংরক্ষিত আসনের মহিলা ২৩ জন ও সাধারণ সদস্য ৫১ জন প্রার্থীদের মাঝেও উপজেলা নির্বাচন অফিস বিভিন্ন প্রতিক বরাদ্দ করেন।

উপজেলা নির্বাচন অফিসার ও রিটানিং কর্মকর্তা এম, এ, জি মোস্তফা ফেরদৌস বলেন,নির্বাচন কমিশনের ঘোষিত তপশিল অনুযায়ী আগামী ১৬ মার্চ দ্বিতীয় ধাপে আলমডাঙ্গা উপজেলার ২টি ইউনিয়নে শান্তিপূর্ণভাবে ও সুষ্ঠভাবে নির্বাচন সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করছি। সেই সাথে সকলকে নির্বাচনী আচরণ বিধি মেনে চলার আহবান জানাচ্ছি।

দামুড়হুদায় মুন্সীপুর বিদ্যালয়ের নির্মাণকাজ পরিদর্শনে ইউএনও

দামুড়হুদায় মুন্সীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম এবং বিদ্যালয়টির শ্রেনীকক্ষ সম্প্রসারণের নির্মাণকাজ পরিদর্শন করেছেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

মঙ্গলবার বিকাল ৪ টার দিকে তিনি এ পরিদর্শন করেন।

এ সময় তিনি চলমান নির্মাণ কাজ পরিদর্শন করেন এবং কাজের সঠিক মান ও যথা সময়ে কাজ শেষ করার জন্য বলেন। তিনি বলেন যতটুকু কাজ হয়েছে তা সন্তোষ জনক। ভালোভাবে কাজ শেষ হবে।

এসময় উপস্থিত ছিলেন প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও মুন্সীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুল হক।

‘১০৭৯ দিনের চুয়াডাঙ্গা’ বইয়ের মোড়ক উন্মোচন

পুলিশ সুপার মো. জাহিদুল ইসলামের লেখা ‘১০৭৯ দিনের চুয়াডাঙ্গা’ বইয়ের মোড়ক উন্মোচন করা হয়েছে।

গতকাল সোমবার ২৭ ফেব্রুয়ারি অমর একুশে বইমেলা প্রাঙ্গণের সোহরাওয়ার্দী উদ্যানের মোড়ক উন্মোচন মঞ্চে বইটির মোড়ক উন্মোচন করা হয়।

মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

বিশেষ অতিথি ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের শিক্ষক অধ্যাপক ড. জি এম তারিকুল ইসলাম, শিক্ষক ও প্রকাশক রফিকুল ইসলাম।

১০৭৯ দিনের চুয়াডাঙ্গা’ বইটি প্রকাশ করেছে রাদ্ধ প্রকাশ। মো. জাহিদুল ইসলাম চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার হিসেবে দায়িত্বপালন করার সময়ের ঘটনাবলি নিয়ে বইটি লেখা।

মো. জাহিদুল ইসলাম বর্তমানে সিআইডি পুলিশ সুপার হিসেবে কর্মরত। পাশাপাশি তিনি নিয়মিত লেখালেখি করে থাকেন।

দামুড়হুদায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ক সেনসিটাইজেশন সভা

সামাজিক সুরক্ষা কর্মসূচির স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিতকরণে নাগরিকদের দাবি উত্থাপন প্রকল্পের আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ক সেনসিটাইজেশন সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টার সময় ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে দি এশিয়া ফাউন্ডেশনের সহযোগিতায় আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সভাপতি ও আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী।

এসময় আরও উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের ঢাকা অফিসের সহকারী পরিচালক নির্মল দাস, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী আনিসুর রহমান, সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন সচিব হারুন অর রশিদ হাউলী ইউনিয়ন সচিব নাঈম উদ্দিন, দামুড়হুদা ইউনিয়ন সচিব শামীম রেজা, নাটুদাহ ইউনিয়ন সচিব নুরজাহান খাতুন, নতিপোতা ইউনিয়ন সচিব সুজাল আলি, জুড়ানপুর ইউনিয়ন সচিব আলমগীর হোসেন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন সচিব হাসানুজ্জামান, কুড়ালগাছি ইউনিয়ন সচিব শাহাবুর রহমান, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার যুগ্ন সাধারণ সম্পাদক সেলিনা আক্তার, সহ সম্পাদক হানিফ মন্ডল, উপজেলা লোকমোর্চার সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, হাউলী ইউনিয়ন লোকমোর্চার সাধারণ সম্পাদক মজিবর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম মিলন, সহ সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, উপজেলা লোকমোর্চার সদস্য মাকসুদর রহমান রতন, মিরাজুল ইসলাম মিরাজ প্রমূখ।

অনুষ্ঠানের প্রথমেই কুরআন থেকে তেলওয়াত করেন জুড়ানপুর ইউনিয়ন লোকমোর্চার সাধারণ সম্পাদক গোলাম সরোয়ার নান্নু। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।

দামুড়হুদা উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বেলা ১২টার দিকে উপজেলা পরিষদের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু’র সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম,

মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ: করিম, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী,নাটুদাহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম,হাউলী ইউপি প্যানেল চেয়ারম্যান নিজাম উদ্দিন সহ বিভিন্ন ইউপি চেয়ারম্যান ও উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

জীবননগর উপজেলাকে ভূমিহিন ও গৃহহীনমুক্ত ঘোষনা সংক্রান্ত যোথ সভা

জীবননগর উপজেলাকে ভ’মিহিন ও গৃহহিনমুক্ত ঘোষনা সংক্রান্ত যোথ সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলার সহকারী কমিশনার ভূ’মি তিথি মিত্র, জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু, সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন,বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, রায়পুর ইউপি চেয়ারম্যান আব্দুর রশিদ শাহ, আন্দুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান শেখ শফিকুল ইসলাম মোক্তার প্রমুখ ।

জীবননগরে ডাঃ জাহাঙ্গীর আলমের লেখা দুইটি বইয়ের মোড়ক উম্মোচন

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডাঃ জাহাঙ্গীর আলমের লেখা কোকেন কান্ডে কিংস কাইট,তিন গোয়েন্দা ও ভোরের পাখি বইয়ের মোড়ক উম্মোচন করা হয়েছে।

সোমবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর প্রেস ক্লাবের আয়োজনে প্রেস ক্লাব ভবনে এ বইয়ের মোড়ক উম্মোচন করা হয়।

জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে তিনটি বইয়ের মোড়ক উম্মোচন করেন জীভননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামান, জীবননগর পৌর মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার ওসি (তদন্ত) স্বপন কুমার, সিনিয়ার সাংবাদিক কামাল সিদ্দিক বাবু, জীবননগর সাংবাদিক সমতিরি সভাপতি জাহিদ বাবু, জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্জল, সাংবাদিক সালাউদ্দিন কাজল, মুন্সী রায়হান উদ্দিন, মাজেদুর রহমান লিটন, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডাঃ জাহাঙ্গীর আলম, পৌর কাউন্সিলার খোকন হোসেন, শিল্পী রানা, কবি আজিজুর রহমান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন সাংবাদিক মিঠুন মাহমুদ ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

জীবননগরে ৬ ইউপি নির্বাচন ৯ প্রাথী মনোনয়নপত্র প্রত্যাহার

আগামী ১৬ মাচ জীবননগর উপজেলার ৬টি ইউনিয়নে নির্বাচন। এ নির্বাচনে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী হওয়া আওয়ামীলীগের ৩ নেতাসহ ৬সদস্য তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করে নির্বাচন থেকে সড়ে দাড়িয়েছেন।

সোমবার জীবননগর উপজেলা নিবাচন অফিস সুত্রে জানা গেছে।

আগামি ১৬মাচ জীবননগর উপজেলার ৬টি ইউনিয়ন নিবাচন থেকে সরে দাড়িয়েছেন, মনোহরপুর ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান প্রাথী মোঃ রাজা মিয়া, উথলী ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান প্রাথী ফৈরদৌস লিমন ও বাকা ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান মোঃ শামীম হোসেন এছাড়াও মনোহরপুর ইউনিয়নের ৫নং ওয়াডের মেম্বার প্রাথী আবু সাঈদ কে ডি কে ইউনিয়নের ৩নং ওয়াডের সংরক্ষিত মহিলা সদস্য জোসনা খাতুন, ৩নং ওয়াডের মেম্বার প্রাথী আঃ হান্নান, ৪নং ওয়াডের মেম্বার প্রাথী মোঃ বাবলু,বাকা ইউনিয়নের ১নং ওয়াডের মেম্বার প্রাথী হাফিজুর রহমান, হাসাদহ ইউনিয়নের ৯নং ওয়াডের মেম্বার প্রাথী বোরহান উদ্দিন মনোনয়নপত্র প্রত্যাহার করেন।

উপজেলার ৬টি ইউনিয়ন থেকে স্বতন্ত্র প্রাথী নির্বাচন থেকে সড়ে দাঁড়ানোর কারনে বর্তমানে নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী রয়েছেন ২৮ জন।

প্রার্থীরা হলেন কে ডি কে ইউনিয়নে আওয়ামীলীগের মনোনীত প্রাথী মোঃ খাইরুল বাশার শিপলু, স্বতন্ত্র প্রাথী মোঃ রাজিব হোসেন, স্বতন্ত্র প্রাথী মোঃ মুহিবুল হক, মনোহরপুর ইউনিয়নে আওয়ামীলীগের মনোনীত প্রাথী মোঃ সোহরাব হোসেন খান, স্বতন্ত্র প্রাথী মোঃ কামরুজ্জামান, ইসলামী আন্দোলনের মনোনীত প্রাথী মোঃ আবু নাঈম, উথলী ইউনিয়নে আওয়ামীলীগের মনোনীত প্রাথী মোঃ আব্দুল হান্নান, স্বতন্ত্র প্রাথী মোঃ আবুল কালাম আজাদ, স্বতন্ত্র প্রাথী আফজালুর রহমান ধীরু, হাসাদহ ইউনিয়নে আওয়ামীলীগের মনোনীত প্রাথী মোঃ রবিউল ইসলাম বিশ্বাস, স্বতন্ত্র প্রাথী সোহরাব বিশ্বাস, স্বতন্ত্র প্রাথী মোঃ মতিয়ার রহমান, স্বতন্ত্র প্রাথী মোঃ আলম, রায়পুর ইউনিয়নে আওয়ামীলীগের মনোনীত প্রাথী মোঃ তাহাজ্জদ মিজা, স্বতন্ত্র প্রাথী মোঃ আব্দুর রশিদ

শাহ, স্বতন্ত্র প্রাথী মোঃ সাজ্জাদ বিশ্বাস, স্বতন্ত্র প্রাথী মোঃ সাজ্জাদ হোসেন, বাকা ইউনিয়নে আওয়ামীলীগের মনোনীত প্রাথী আব্দুল কাদের প্রধান, স্বতন্ত্র প্রাথী মোঃ শাহাববুদ্দিন, স্বতন্ত্র প্রাথী মাওলানা মোঃ হাফিজুর রহমান, স্বতন্ত্র প্রাথী আবুল কাশেম, স্বতন্ত্র প্রাথী রাজা মালিতা।

জীবননগর উপজেলা নিবাচন অফিসার মোঃ মেজর আহম্মেদ বলেন, আগামী ১৬ মাচ জীবননগর উপজেলার ৬টি ইউনিয়নে নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে এই নিবাচন অবাধ সুষ্ঠ নিবাচন হবে। ইতোমধ্যেই ৩জন স্বতন্ত্র চেয়ারম্যান প্রাথী সেচ্ছায় মনোনয়ন প্রত্যাহার করে নিয়েছে। আজ মঙ্গলবার প্রাথীদের মাঝে প্রতীক বরাদ্ধ দেওয়া হবে।

দামুড়হুদায় মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থার বার্ষিক মতবিনিময় সভা

নারীর প্রতি সহিংসতা কমিয়ে এনে নারী অধিকার প্রতিষ্ঠা, বাল্য বিবাহের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলাসহ নির্যাতিত নারীদের দির্ঘদিন ধরে আইনি সহায়তা দিয়ে আসছে মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থা। এরই ধারাবাহিকতায় দামুড়হুদায় সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, গণমাধ্যম কর্মীসহ বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের সাথে মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থার বার্ষিক মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম। এ ছাড়াও

উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার ওসি (অপারেশন) শফিউল আলম, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যান এসএএম জাকারিয়া আলম, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার ইপসি, উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জল হোসেন, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, ব্র্যাকের এরিয়াম্যানেজার শংকর মহাজন, সিডিও’র সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, নারী নির্যাতন প্রতিরোধ কমিটির সদস্য জয়িতা নাজমা খাতুন প্রমুখ।

শুরুতেই প্রকল্পের সার্বিক চিত্র তুলে ধরেন সংস্থার সহ-সমন্বয়কারী ফরহাদ আলী খান। সংস্থার সার্বিক কার্যক্রম বিষয়ে আলোকপাত করেন প্রকল্প সমন্বয়কারী উম্মে সালমা। বার্ষিক প্রতিবেদন তুলে ধরেন সংস্থার প্রকল্প কর্মকর্তা দিল তৌহিদা পারভীন।

সার্বিক সহযোগিতায় ছিলেন সংস্থার অফিস সহকারী হাবিবুর রহমান।